গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মেহেন্দিগঞ্জ, বরিশাল।

তারিখ : ১০-০২-২০২২খ্রি.।

স্মারক নং- ০৫.১০.০৬৬২.০০৬.০১.০০৬.২০২২.১৩৫

**উপজেলা পরিষদের ফেব্রুয়ারি-২০২২ খ্রি.মাসের মাসিক সভার নোটিশ।**

আগামী ১৭-০২-২০২২ খ্রি.তারিখ রোজ বৃহস্পতিবার সকাল ১১:৩০ ঘটিকায়উপজেলা পরিষদের ফেব্রুয়ারি-২০২২ খ্রি.মাসের মাসিক সভা জনাব এ.কে.এম মাহফুজ-উল-আলম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মেহেন্দিগঞ্জ, বরিশাল এর সভাপতিত্বে উপজেলা পরিষদ সভাকক্ষে অনুষ্ঠিত হবে। প্রত্যেক অফিস প্রধানকে তাদের বিভাগীয় কার্যক্রমের ০১(এক) প্রস্থ প্রতিবেদন সভার পূর্বে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

উক্ত সভায় সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

আলোচ্য সূচী :

০১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও দৃঢ়করণ
০২। বিভিন্ন দপ্তরের কার্যক্রম সম্পর্কে আলোচনা
০৩। বিবিধ

স্বাক্ষরিত/-
(মোঃ নুরুননবী)
উপজেলা নির্বাহী অফিসার
মেহেন্দিগঞ্জ, বরিশাল
ফোন : ০৪৩২৫-৫৬০০৩(অফিস)।
E-mail:unomehendiganj@gmail.com

তারিখ : ১০-০২-২০২২খ্রি.।

স্মারক নং- ০৫.১০.০৬৬২.০০৬.০১.০০৬.২০২২.১৩৫

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। মাননীয় সংসদ সদস্য-১২২, বরিশাল-৪(হিজলা-মেহেন্দিগঞ্জ) নির্বাচনী এলাকা।
০২। জেলা প্রশাসক, বরিশাল।
০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মেহেন্দিগঞ্জ, বরিশাল।
০৪। মেয়র, মেহেন্দিগঞ্জ পৌরসভা, মেহেন্দিগঞ্জ, বরিশাল।
০৫। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মেহেন্দিগঞ্জ, বরিশাল।
০৬। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মেহেন্দিগঞ্জ, বরিশাল
০৭। প্রশাসক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, মেহেন্দিগঞ্জ উপজেলা কমান্ড, মেহেন্দিগঞ্জ, বরিশাল।
০৮। উপজেলা ........................................................ অফিসার (সকল), মেহেন্দিগঞ্জ, বরিশাল।
০৯। চেয়ারম্যান, আন্দারমানিক/লতা/চরএককরিয়া/উলানিয়া উত্তর/উলানিয়া দক্ষিণ/মেহেন্দিগঞ্জ/বিদ্যানন্দপুর/ভাষানচর/চরগোপালপুর/জাঙ্গালিয়া/আলিমাবাদ/চানপুর/দড়িচরখাজুরিয়া/গোবিন্দপুর/শ্রীপুর ও জয়নগর ইউনিয়ন পরিষদ (সকল), মেহেন্দিগঞ্জ, বরিশাল।
১০। সহকারী প্রোগ্রামার, উপজেলা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, মেহেন্দিগঞ্জ, বরিশালকে (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
১১। জনাব ........................................................
........................................................
১২। মূলকপি নথি।

উপজেলা নির্বাহী অফিসার
মেহেন্দিগঞ্জ, বরিশাল

## মেহেন্দিগঞ্জ উপজেলা পরিষদের ফেব্রুয়ারী-২০২২ মাসের মাসিক সভায় উপস্থিত সদস্যদের হাজিরা

সভার স্থান: উপজেলা পরিষদ মিলনায়তন, সময়ঃ সকাল ১১-৩০ ঘটিকা সভার তারিখ: ১৭/০২/২০২২খ্রি.

| ক্রং নং | পদবী | মোবাইল নম্বর ও ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১। | মাননীয় সংসদ সদস্য-১২২, বরিশাল-৪ (হিজলা-মেহেন্দিগঞ্জ) নির্বাচনী এলাকা। | | |
| ০২। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মেহেন্দিগঞ্জ, বরিশাল। | 01712058569 | |
| ০৩। | উপজেলা নির্বাহী অফিসার, মেহেন্দিগঞ্জ, বরিশাল | | |
| ০৪। | মেয়র, মেহেন্দিগঞ্জ পৌরসভা, মেহেন্দিগঞ্জ, বরিশাল। | | |
| ০৫। | সহকারী কমিশনার (ভূমি) মেহেন্দিগঞ্জ, বরিশাল | | |
| ০৬। | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মেহেন্দিগঞ্জ, বরিশাল | 01818249845 | |
| ০৭। | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মেহেন্দিগঞ্জ, বরিশাল | | |
| ০৮। | প্রশাসক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, মেহেন্দিগঞ্জ উপজেলা কমান্ড, মেহেন্দিগঞ্জ, বরিশাল | | |
| ০৯। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মেহেন্দিগঞ্জ, বরিশাল | | |
| ১০। | উপজেলা কৃষি অফিসার মেহেন্দিগঞ্জ, বরিশাল | | |
| ১১। | উপজেলা প্রানিসম্পদ অফিসার, মেহেন্দিগঞ্জ, বরিশাল। | 01712434891 | |
| ১২। | অফিসার-ইন-চার্জ মেহেন্দিগঞ্জ থানা, বরিশাল। | | |

| ক্রঃ নং | পদবী | মোবাইল নম্বর ও ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১৩। | অফিসার-ইন-চার্জ<br>কাজিরহাট থানা , মেহেন্দিগঞ্জ , বরিশাল। | 01320-151420 | 29.02.2022 |
| ১৪। | উপজেলা মৎস্য অফিসার<br>মেহেন্দিগঞ্জ ,বরিশাল। | 01711113199<br>Kamalinen2011@gmail.com. | |
| ১৫। | উপজেলা প্রকৌশলী(এল,জি,ই,ডি)<br>মেহেন্দিগঞ্জ ,বরিশাল। | 01920024980<br>ue.mehendiganj@lged.gov.bd | 29.02.22 |
| ১৬। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা<br>মেহেন্দিগঞ্জ ,বরিশাল। | 01712645033 | |
| ১৭। | উপজেলা শিক্ষা অফিসার<br>মেহেন্দিগঞ্জ ,বরিশাল। | 01716430799<br>ueomehendi@gmail.com | |
| ১৮। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার<br>মেহেন্দিগঞ্জ ,বরিশাল। | 01712-029335<br>aktapervin@gmail.com | |
| ১৯। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা<br>মেহেন্দিগঞ্জ ,বরিশাল। | 01719677336<br>mehendiganj@dyd.gov.bd | |
| ২০ | উপজেলা সমাজসেবা অফিসার<br>মেহেন্দিগঞ্জ ,বরিশাল। | usso.mehendiganj@dss.gov.bd. | 17.02.22 |
| ২১। | উপজেলা সমবায় অফিসার<br>মেহেন্দিগঞ্জ ,বরিশাল। | 01921492230<br>uco.mehendiganj@gmail.com | |
| ২২। | উপজেলা হিসাব রক্ষণ অফিসার<br>মেহেন্দিগঞ্জ ,বরিশাল। | | |
| ২৩। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার<br>মেহেন্দিগঞ্জ ,বরিশাল। | | |
| ২৪। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)<br>মেহেন্দিগঞ্জ ,বরিশাল। | 01718362469 | 29.02.22 |
| ২৫। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা<br>মেহেন্দিগঞ্জ , বরিশাল। | 01711-947460 | 29.02.22 |

| ক্রঃ নং | পদবী | মোবাইল নম্বর ও ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|
| ২৬। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা<br>মেহেন্দিগঞ্জ, বরিশাল। | | |
| ২৭। | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা<br>মেহেন্দিগঞ্জ, বরিশাল। | | |
| ২৮। | উপজেলা নির্বাচন অফিসার<br>মেহেন্দিগঞ্জ, বরিশাল। | | |
| ২৯। | সাব-রেজিস্টার<br>মেহেন্দিগঞ্জ, বরিশাল | | |
| ৩০। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার<br>মেহেন্দিগঞ্জ, বরিশাল। | | |
| ৩১। | উপজেলা পরিসংখ্যান অফিসার<br>মেহেন্দিগঞ্জ, বরিশাল। | 01712-772876<br>usomehendiganj@gmail.com | 17.02.2022 |
| ৩২। | সহকারী সেটেলমেন্ট অফিসার<br>মেহেন্দিগঞ্জ, বরিশাল। | | |
| ৩৩। | উপজেলা খাদ্যনিয়ন্ত্রক<br>মেহেন্দিগঞ্জ, বরিশাল। | 01716041098 | |
| ৩৪। | সহকারী জেনারেল ম্যানেজার<br>মেহেন্দিগঞ্জ জোনাল অফিস, বরিশাল পল্লী বিদ্যুৎ সমিতি-১ | | |
| ৩৫। | উপজেলা ফায়ার সার্ভিস কর্মকর্তা<br>মেহেন্দিগঞ্জ, বরিশাল। | 01724182013 | |
| ৩৬। | উপজেলা বন কর্মকর্তা<br>মেহেন্দিগঞ্জ, বরিশাল। | 01748667042 | ১৭/২/২২ |
| ৩৭। | ~~উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ী আমার খামার প্রকল্প~~, মেহেন্দিগঞ্জ, বরিশাল। | 01938879253 | ১৭/২/২২ |
| ৩৮। | সহকারী প্রোগ্রামার, উপজেলা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অফিস, মেহেন্দিগঞ্জ, বরিশাল। | | |
| ৩৯। | উপজেলা তথ্যআপা কর্মকর্তা<br>মেহেন্দিগঞ্জ, বরিশাল। | | |
| | | | |

## মেহেন্দিগঞ্জ উপজেলা পরিষদের ফেব্রুয়ারী-২০২২ মাসের মাসিক সভায় উপস্থিত সদস্যদের হাজিরা

সভার স্থান: উপজেলা পরিষদ মিলনায়তন, সময়ঃ সকাল ১১-৩০ ঘটিকা সভার তারিখ: ১৭/০২/২০২২খ্রি.

| ক্রঃ নং | পদবী | মোবাইল নম্বর ও ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১। | চেয়ারম্যান,আন্দারমানিক ইউনিয়ন পরিষদ | 01703370033 | |
| ০২। | চেয়ারম্যান,লতা ইউনিয়ন পরিষদ | | |
| ০৩। | চেয়ারম্যান,চরএককরিয়া ইউনিয়ন পরিষদ | | |
| ০৪। | প্রশাসক, উত্তর উলানিয়া ইউনিয়ন পরিষদ | 01783355935 | |
| ০৫। | চেয়ারম্যান,মেহেন্দিগঞ্জ ইউনিয়ন পরিষদ | 01712762057 | |
| ০৬। | চেয়ারম্যান,বিদ্যানন্দপুর ইউনিয়ন পরিষদ | | |
| ০৭। | চেয়ারম্যান,ভাষানচর ইউনিয়ন পরিষদ | | |
| ০৮। | চেয়ারম্যান,চরগোপালপুর ইউনিয়ন পরিষদ | | |
| ০৯। | চেয়ারম্যান,জাঙ্গালিয়া ইউনিয়ন পরিষদ | 01711956656 | |
| ১০। | চেয়ারম্যান,আলিমাবাদ ইউনিয়ন পরিষদ | | |
| ১১। | চেয়ারম্যান,চানপুর ইউনিয়ন পরিষদ | | |

| ক্রঃ নং | পদবী | মোবাইল নম্বর ও ইমেইল | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১২। | চেয়ারম্যান,দরিচরখাজুরিয়া ইউনিয়ন পরিষদ | | |
| ১৩। | চেয়ারম্যান,গোবিন্দপুর ইউনিয়ন পরিষদ | 01717022186 | [signature] |
| ১৪। | চেয়ারম্যান, শ্রীপুর ইউনিয়ন পরিষদ | 01712404378 | [signature] |
| ১৫। | চেয়ারম্যান, জয়নগর ইউনিয়ন পরিষদ | | |
| ১৬। | প্রশাসক, দক্ষিন উলানিয়া ইউনিয়ন পরিষদ | | |
| ১৭। | মিতা রানী দাস, মেহেন্দিগঞ্জ পৌরসভা, মেহেন্দিগঞ্জ,বরিশাল | | |
| ১৮। | মোসাঃ ফিরোজা বেগম, ৩নং চরএককরিয়া ইউনিয়ন পরিষদ | | |
| ১৯। | মোসাঃ আইরিন পারভীন, ৪ নং উলানিয়া ইউনিয়ন পরিষদ | | |
| ২০। | মোসাঃ খাদিজা বেগম, ৬নং বিদ্যানন্দপুর ইউনিয়ন পরিষদ | | |
| ২১। | মোসাঃ হেলেনা বেগম, ৯নং জাঙ্গালিয়া ইউনিয়ন পরিষদ | | |

# মেহেন্দিগঞ্জ উপজেলা পরিষদের ফেব্রুয়ারি ২০২২খ্রি: মাসের মাসিক সভার কার্যবিবরণী:

| | |
|---|---|
| সভাপতি | : এ,কে,এম মাহফুজ-উল-আলম<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>মেহেন্দিগঞ্জ, বরিশাল |
| স্থান | : উপজেলা পরিষদ সভাকক্ষ |
| তারিখ | : ১৭-০২-২০২২খ্রি. |
| সময় | : সকাল ১১:৩০ ঘটিকা |

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "ক" তে সন্নিবেশিত করা হলো।

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয় এবং উহাতে কোন সংশোধনী না থাকায় উহা সর্বসম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়। সভায় বিভিন্ন বিভাগের কার্যক্রম সম্পর্কে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

<table>
<tr><th>দপ্তর</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত/বাস্তবায়ন</th></tr>
<tr><td rowspan="3">(১) উপজেলা প্রকৌশল অফিস (এলজিইডি)</td><td>১.১ সভায় চরগোপালপুর ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান জানান যে, ওইজচ প্রকল্পের আওতায় নিম্নবর্ণিত ০১টি আয়রণ ব্রিজ নির্মাণের লক্ষ্যে এলজিইডি বরিশাল কর্তৃক টেন্ডার আহবান পূর্বক ঠিকাদার নির্বাচিত হয়।<br>প্রকল্প :<br>জালিরচর বাজার-বাংলা বাজার রাস্তা আবুল হোসেন বাড়ী রাস্তায় ৭৬২ মিটার চেইনেজে ১৫ মিটার আয়রণ ব্রীজ নির্মাণ।<br>IBRP/Bari/Mehendi/Rehab/Brg-183<br>বর্ণিত ব্রিজটি'র পুরাতন মালামাল ইউপি রেজুলেশন মোতাবেক উপজেলা প্রকৌশল দপ্তরের সিজার লিষ্ট অনুযায়ী জনাব মো: ইউসুফ সরদার, ইউপি সদস্য, ৩নং ওয়ার্ড, চরগোপালপুর ইউপি এর নিকট গচ্ছিত আছে।</td><td>১.১.১ এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে ইউপি রেজুলেশন মোতাবেক প্যাকেজ নং-১৮৩ এর ব্রিজটির পুরাতন মালামাল দ্বারা ০২ নং ওয়ার্ডের জালিরচর বড় বাড়ীর সামনে খালের উপর ২০২২-২৩ অর্থ বছরের এডিপি/অন্যকোন অর্থায়নে নির্মাণ করা হবে মর্মে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান-কে অনুরোধ জানানো হয়।</td></tr>
<tr><td>১.২ সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান যে, উপজেলা পরিষদ চত্বরে ২১০মিটার বাউন্ডারী ওয়াল না থাকায় স্থানীয় জনসাধারণ ও গবাদি পশু অবাদে বিচরণ করায় এবং উপজেলা পরিষদ চত্বর অরক্ষিত থাকায় জরুরিভিত্তিতে বাউন্ডারী ওয়াল নির্মাণ করা প্রয়োজন। উপজেলা প্রকৌশলী সরেজমিনে পরিদর্শন করে ১,৫০,০০,০০০/- টাকার প্রাক্কলণ উপস্থাপন করেন। এ বিষয়ে স্থানীয় সরকার মন্ত্রণালয়ের অনুমোদন প্রয়োজন।</td><td>১.২.১ উপজেলা নির্বাহী অফিসারের প্রস্তাব অনুযায়ী বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থ দ্বারা বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। স্কীমের ১০০.৫০ লক্ষ টাকার প্রাক্কলণ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে স্থানীয় সরকার মন্ত্রণালয়ের অনুমোদনের জন্য প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।</td></tr>
<tr><td>১.৩ উপজেলা প্রকৌশলী জানান যে, উপজেলা পরিষদের ইউটিডিসি ভবনসহ অন্যান্য অফিস ভবন জরাজীর্ণ থাকায় জরুরিভিত্তিতে মেরামত করা প্রয়োজন। উপজেলা প্রকৌশলী নিম্নবর্ণিত স্কীমসমূহের মেরামত কাজের প্রাক্কলণ সভায় উপস্থাপন করেন। স্কীমের তালিকা নিম্নে দেয়া হলো:-<br><table><tr><th>নং</th><th>স্কীমের নাম</th><th>প্রাক্কলিত মূল্য</th></tr><tr><td>১</td><td>ইউটিডিসি ভবন মেরামত</td><td>১৩,৫৬,৮৫৫/-</td></tr><tr><td>২</td><td>ইউটিডিসি ভবন মেরামত (মাধ্যমিক শিক্ষা অফিস)</td><td>৭,১১,৪৭৩/-</td></tr><tr><td>৩</td><td>ইউটিডিসি ভবন মেরামত (হিসাব রক্ষণ অফিস ও যুব উ: অফিস)</td><td>৮,১৭,৮৭৮/-</td></tr><tr><td>৪</td><td>ইউটিডিসি ভবন মেরামত (মহিলা বিষয়ক অফিস)</td><td>১০,০৯,৯০০/-</td></tr><tr><td>৫</td><td>ইউটিডিসি ভবন মেরামত (সমাজ সেবা অফিস)</td><td>৫,৬৮,৭৪৭/-</td></tr></table></td><td>১.৩.১ এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে প্রাক্কলণ সমূহের কারিগরী প্রতিবেদন নির্বাহী প্রকৌশলী,এলজিইডি,বরিশাল এর স্বাক্ষরসহ স্থানীয় সরকার মন্ত্রণালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানানো হয়।</td></tr>
</table>

(চলমান পাতা-০২)

| | | |
|---|---|---|
| | ১.৪ উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, আনসার সদস্যদের ব্যারাক নির্মাণের জন্য ১৫,০০,০০০/-টাকার একটি প্রাক্কলন স্থানীয় সরকার মন্ত্রণালয়ের অনুমোদন রয়েছে। যা উপজেলা রাজস্ব তহবিল থেকে ব্যয় নির্বাহ করতে হবে বলে সভায় জানান। | ১.৪.১ স্থানীয় সরকার মন্ত্রণালয়ের অনুমোদিত প্রাক্কলন ও ডিজাইন অনুযায়ী নির্মাণ করার জন্য উপজেলার রাজস্ব তহবিল হতে ১৫,০০,০০০/-টাকা ব্যয় করার সিদ্ধান্ত গৃহীত হয়। |
| | ১.৫ উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা নির্বাহী অফিসারের বিদ্যমান বাসভবনটি অত্যন্ত জরাজীর্ণ ও ঝুঁকিপূর্ণ বিধায় পরিত্যাক্ত ঘোষণা করে নতুন বাসভবন নির্মাণ করা প্রয়োজন। | ১.৫.১ এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা নির্বাহী অফিসারের বিদ্যমান বাসভবনটি ব্যবহারের অযোগ্য/পরিত্যাক্ত ঘোষণা করে নতুন বাসভবন নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়। |
| | ১.৬ সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, উপজেলা কমপ্লেক্স সম্প্রসারণ প্রকল্প (২য় পর্যায়) এর আওতায় উপজেলা নির্বাহী অফিসার এর বাসভবন এবং উপজেলা পরিষদ ডরমেটরী ভবন নির্মাণ করার লক্ষ্যে সয়েল টেষ্ট ও টপোসার্ভে কার্যসম্পন্ন করার জন্য নির্দেশনা পাওয়ায় উপজেলা নির্বাহী অফিসার মহোদয়সহ পরিদর্শন করে স্থান নির্বাচন করত:কোটেশনের মাধ্যমে সয়েল টেষ্ট ও টপোসার্ভে কার্যসম্পন্ন করা হয়েছে।<br>১। উপজেলা নির্বাহী অফিসারের বাস ভবন ও ডরমেটরী ভবন নির্মাণ এর সয়েল টেষ্ট বাবদ (৪৫,০০০×২) = ৯০,০০০/-টাকা।<br>২। উপজেলা নির্বাহী অফিসারের বাস ভবন ও ডরমেটরী ভবন নির্মাণ এর টপো সার্ভে বাবদ (২০,০০০×২) = ৪০,০০০/-টাকা। | ১.৬.১ এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে কোটেশনের মাধ্যমে সয়েল টেষ্ট ও টপোসার্ভে বাবদ ১,৩০,০০০/- টাকা অনুমোদন দেয়া হলো। একই সাথে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ব্যয়ভার নির্বাহের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে জরুরী ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানানো হয়। |
| (২) উপজেলা স্বাস্থ্য ও প: প: অফিস | ২.১ উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। | ২.১.১ ভবিষ্যতেও দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, মেহেন্দিগঞ্জ, বরিশাল-কে অনুরোধ করা হয়। |
| (৩) উপজেলা সমাজসেবা অফিস | ৩.১ উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে , বয়স্ক ভাতা জরিপ কাজ চলমান রয়েছে। বয়স্ক ভাতা পাওয়ার জন্য তারাই উপযুক্ত যাদের বয়স গত ০১/০৬/২০২১খ্রি: তারিখ পুরুষ ৬৫বছর এবং মহিলা ৬২বছর এবং যারা পূর্বে ভাতা পেত কিন্তু কোন কারনে (ডাটা এন্ট্রি/ডাবল নম্বর ইত্যাদি) কারণে বাদ পড়েছে তাদের অগ্রাধিকার ভিত্তিতে আই-ডি কার্ড, নির্ভুল মোবাইল নম্বরসহ (নিজ নামে নতুন ক্রয়কৃত/সাথে একাউন্ট বিদ্যমান) তালিকা আগামী ২৭/০২/২০২২ খ্রিঃ তারিখের মধ্যে উপজেলা সমাজসেবা অফিসে জমা দেয়ার জন্য সভায় অনুরোধ জানান। | ৩.১.১ এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উক্ত তালিকা আগামী ২৭/০২/২০২২খ্রি. তারিখের মধ্যে উপজেলা সমাজসেবা অফিসে জমা দেয়ার জন্য সভায় অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়। |
| | ৩.২ উপজেলা সমাজসেবা অফিসার সভায় আরও জানান যে, ২০২১-২০২২ অর্থবছরে বেদে, হিজড়া ও অনগ্রসর জনগোষ্ঠীর বিশেষ ভাতাভোগী এবং অনগ্রসর জনগোষ্ঠীর শিক্ষা উপবৃত্তি ভাতাভোগীদের অনলাইন ডাটা এন্ট্রির লক্ষ্যে ভাতাভোগীদের কোটা অত্র উপজেলায় প্রদান করলে তাদের তালিকা আগামী ২৭/০২/২০২২খ্রিঃ তারিখের মধ্যে প্রেরণের জন্য সভায় অনুরোধ জানান। | ৩.২.১ এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উক্ত তালিকা আগামী ২৭/০২/২০২২খ্রি. তারিখের মধ্যে উপজেলা সমাজসেবা অফিসে জমা দেয়ার জন্য সভায় অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়। |

| | | |
|---|---|---|
| (৪) উপজেলা মৎস্য অফিস | ৪.১ উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, কম্বিং অপারেশন ২০২২ পালনে নিষিদ্ধ ঘোষিত বাধা জাল, চরঘেরা জাল বন্ধ করণে উপজেলায় অভিযান ও মোবাইল কোর্ট অব্যাহত আছে। তিনি আগামি মার্চ ও এপ্রিল ০২ (দুই) মাস সকল প্রকার জাল দ্বারা সকল প্রকার মাছ ধরা নিষিদ্ধ সম্পর্কে অবহিত করেন। উক্ত অভয়াশ্রম কার্যক্রম বাস্তবায়নের জন্য সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের সহযোগিতা কামনা করেন। সভায় উপজেলা মৎস্য কর্মকর্তা জেলেদের তালিকা হালনাগাদকরণ এ সকল চেয়ারম্যানের সহযোগিতা চান। এছাড়াও প্রত্যেকটি ইউনিয়নে একটি করে সচেতনতা সভা করার জন্য সকল চেয়ারম্যানের কাছে সময় দেয়ার জন্য অনুরোধ জানান। | ৪.১.১ এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলার প্রত্যেক ইউনিয়নে জাটকা রক্ষা বিষয়ক সচেতনতা সভা করা হবে এবং সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদেরকে তারিখ জানানো হবে । এছাড়া সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণ আগামী ১০দিনের মধ্যে তাদের ইউনিয়নের মৃত ও পেশা পরিবর্তনকারী জেলেদের তালিকা প্রদান করবেন বলে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। |
| (৫) উপজেলা কৃষি অফিস | ৫.১ উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। | ৫.১.১ স্বাস্থ্যবিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য উপজেলা কৃষি কর্মকর্তা, মেহেন্দিগঞ্জ, বরিশাল-কে অনুরোধ করা হয়। |
| (৬) উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস | ৬.১ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরে ১ম পর্যায়ে গ্রামীণ অবকাঠামো রক্ষণা-বেক্ষণ (টি,আর) গ্রামীন অবকাঠামো সংস্কার (কাবিখা/কাবিটা) প্রকল্পের কাজ চলমান রয়েছে। এছাড়া ২য় পর্যায়ে টি,আর প্রকল্পের বরাদ্দ পাওয়া গেছে সভায় জানান । উহা ইতোমধ্যে বিভাজন করা হয়েছে এবং তালিকা দাখিলের জন্য সকল চেয়ারম্যানগণকে পত্র দেয়া হয়েছে। অতি দরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচির বিল দাখিল করা হয়েছে। মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে বিল পরিশোধ করা হবে। অসচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের জন্য গৃহ নির্মাণ ও গ্রামীন মাটির রাস্তা টেকসই করণের লক্ষ্যে হেরিংবোন বন্ড নির্মাণ এইচ.বিবি করণের প্রকল্পের টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন হয়েছে ঠিকাদার কাজ শুরুর প্রক্রিয়াধীন রয়েছে। | ৬.১.১ ২য় পর্যায়ের টি,আর প্রকল্পের তালিকা দাখিলের জন্য চেয়ারম্যানগণকে পত্র দেয়া হয়েছে।উক্ত পত্র মোতাবেক তালিকা দাখিলের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। |
| (৭) উপজেলা যুব উন্নয়ন অফিস | ৭.১ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, মেহেন্দিগঞ্জ উপজেলায় কর্মসংস্থান ব্যাংকের কোন শাখা নাই। উক্ত শাখাটি মেহেন্দিগঞ্জ উপজেলায় খুবই প্রয়োজন। তাই মেহেন্দিগঞ্জ উপজেলায় যাতে একটি কর্মসংস্থান ব্যাংকের শাখা স্থাপন করা হয় তার জন্য তিনি সভায় উপস্থাপন করেন। | ৭.১.১ এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে মেহেন্দিগঞ্জ উপজেলায় যাতে একটি কর্মসংস্থান ব্যাংকের শাখা স্থাপন করা হয় সেজন্য সবাই একমত পোষণ করেন। |
| (৮) উপজেলা প্রাণিসম্পদ অফিস | ৮.১ উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। | ৮.১.১ স্বাস্থ্যবিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, মেহেন্দিগঞ্জ, বরিশাল-কে অনুরোধ করা হয়। |
| (৯) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস | ৯.২ উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় আরও জানান যে, মাননীয় এমপি মহোদয়ের সার্বিক সহযোগিতায় উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানের (১২-১৮) শিক্ষার্থীদের ফাইজারের ১ম ডোজ টিকা কার্যক্রম ০৬/০১/২০২২খ্রি. তারিখ শুরু হয়ে ২০/০১/২০২২খ্রি. তারিখ শেষ হয়। ২য় ডোজ টিকা কার্যক্রম শুরু করার জন্য উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তার সাথে যোগাযোগ করা হলে তিনি জানান যে, ১ম ডোজ শেষ হবার তারিখ থেকে ০১ মাস পূর্ণ হওয়ার পরবর্তী ২য় ডোজ শুরু করা হবে। আগামী ২০ফেব্রুয়ারী-২০২২ ১ম ডোজ টিকা কার্যক্রম শেষ হবার ০১ মাস পূর্ণ হবে বিধায় এবং দ্রুত শিক্ষা প্রতিষ্ঠান খোলার নির্দেশনা থাকায় জরুরী ২য় ডোজ টিকা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তাকে সভায় অনুরোধ জানান। | ৯.২.১ এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে দ্রুত ২য় ডোজ টিকা কার্যক্রম শুরু করার ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। |

(চলমান পাতা-০৪)

| | | |
|---|---|---|
| (১০) উপজেলা শিক্ষা অফিস | ১০.১ উপজেলা শিক্ষা অফিসার (ভারপ্রাপ্ত) সভায় জানান যে, আগামী ২ ২ফেব্রুয়ারী তারিখ রোজ-মঙ্গলবার থেকে দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠান খোলা হবে এবং শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে যথারীতি পাঠদান কার্যক্রম চলবে বলে সভায় জানান। এছাড়া তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। | ১০.১.১ আগামী ২২ ফেব্রুয়ারী তারিখ থেকে দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠান খোলায় সংশ্লিষ্ট সকলকে সভায় ধন্যবাদ জ্ঞাপন করা হয়। |
| (১১) উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) | ১১.১ উপজেলা উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, ২০১৯-২০ অর্থবছরে ৩৬টি ওয়াটার ডিস্যালাইনেশ ইউনিট স্থাপন এর মাধ্যমে লবন ও আয়রনযুক্ত গভীর নলকূপ এর পানি বিশুদ্ধকরণ সোলার ইউনিট বরাদ্দ পাওয়া যায়।<br>১১.২ উপজেলা উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় আরও জানান যে, ২০২১-২২অর্থ বছরের সারাদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প এর অনুমোদিত নির্বাচন তালিকা দ্রুত প্রদান করার জন্য সভায় অনুরোধ জানান। | ১১.১.১ মেহেন্দিগঞ্জ উপজেলায় গভীর নলকূপ সফল হওয়ায় উক্ত সোলার ইউনিট এর স্থান নির্বাচন তালিকা না পাওয়ায় উক্ত কাজ বাস্তবায়ন করা সম্ভব হচ্ছে না। |
| (১২) উপজেলা সমবায় অফিস | ১২.১ উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। | ১২.১.১ স্বাস্থ্যবিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদানের জন্য উপজেলা সমবায় কর্মকর্তা, মেহেন্দিগঞ্জ, বরিশালকে অনুরোধ করা হয়। |
| (১৩) উপজেলা মহিলা বিষয়ক অফিস | ১৩.১ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। | ১৩.১.১ স্বাস্থ্যবিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ভাবে সম্পাদনের জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মেহেন্দিগঞ্জ, বরিশাল-কে অনুরোধ করা হয়। |
| (১৪) উপজেলা পরিসংখ্যান অফিস | ১৪.১ উপজেলা পরিসংখ্যান অফিসার (ভারপ্রাপ্ত) সভায় জানান যে, মেহেন্দিগঞ্জ উপজেলা একটি নদীবেষ্টিত এলাকা এবং ১৬টি ইউনিয়নের প্রায় সবগুলোই নদী দ্বারা বিচ্ছিন্ন। ফলে দাপ্তরিক কাজ করতে যাতায়াত বাবদ অনেক বেশি অর্থ ব্যয় করতে হয়। তাছাড়া যে সকল এলাকা দ্বীপ বা চরাঞ্চল বলে ঘোষণা করা হচ্ছে তার থেকে অনেক বেশি দুর্গম এলাকা হলো মেহেন্দিগঞ্জ । ফলে মেহেন্দিগঞ্জকে দ্বীপ, চরাঞ্চল এবং দুর্গম বলে বিবেচনা করার জন্য উর্ধতন কর্তৃপক্ষের নজরে আনার বিষয়ে সভায় বিষয়টি উপস্থাপন করা হয় এবং এ বিষয়ে সকল সদস্য একমত পোষণ করেন। | ১৪.১.১ এ ব্যাপারে বিস্তারিত আলোচনান্তে মেহেন্দিগঞ্জ উপজেলাকে দ্বীপ, চরাঞ্চল ও দুর্গম এলাকা বিবেচনা করে অন্যান্য উপজেলার ন্যায় দ্বীপ, চরাঞ্চল ও দুর্গম ভাতা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উর্ধতন কর্তৃপক্ষের কাছে পত্র প্রেরনের সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে পত্র প্রদানের জন্য উপজেলা নির্বাহী অফিসার-কে অনুরোধ করা হয়। |
| (১৫) উপজেলা খাদ্য নিয়ন্ত্রন অফিস | ১৫.১ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, মেহেন্দিগঞ্জ উপজেলার খাদ্য গুদামের মজুদ পরিস্থিতি নিম্নরূপ :-<br>০১। ধান - ৪০১.৬৮০ মেঃ টনঃ<br>০২। চাল - ১৭৯.৪১০ মেঃ টনঃ<br>০৩। গম - নেই<br>সংগ্রহ : চলতি আমন মৌসুমে ধান/চাল সংগ্রহ কার্যক্রম চলিতেছে। প্রতি কেজি ধানের মূল্য ২৭/-(সাতাশ) টাকা। সংগ্রহ চলবে ০৭/১১/২০২১খ্রিঃ তারিখ হতে ২৮/০২/২০২২খ্রিঃ তারিখ পর্যন্ত।<br>খাদ্য বান্ধব কর্মসূচীঃ মেহেন্দিগঞ্জ উপজেলা খাদ্যবান্ধব কর্মসূচীর আওতায় মার্চ/২০২২ থেকে এপ্রিল/২০২২ মাসে ২৬,৩৫৪কার্ডের বিপরীতে কার্ড প্রতি ৩০কেজি করে ১০/- টাকা মূল্যের চাল বিক্রয় কার্যক্রম পুনরায় শুরু হবে।<br>এছাড়াও বিভাগীয় কার্যক্রমের মধ্যে মার্চ/২০২২ মাসে ভিজিডি,ভিজিএফ (মৎস্য, খাদ্য বান্ধবসহ অন্যান্য খাতে সম্ভাব্য বিলি বিতরণের জন্য প্রায় ২৮০০.০০০মেঃটন চালের প্রয়োজন কিন্তু গুদাম ঘাটের খালের গোড়ায় খাল খননের জন্য বাঁধ দেওয়ার কারণে চালের জাহাজ নিয়ে আসা সম্ভব হচ্ছে না। এজন্য গুদামঘাট পর্যন্ত খালের ভোড়ার অংশের কাজ দ্রুত শেষ করে বাধ সরিয়ে জাহাজ/কার্গো চলচলের ব্যবস্থা করা প্রয়োজন। | ১৫.১ স্বাস্থ্যবিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদানের জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রন কর্মকর্তা, মেহেন্দিগঞ্জ, বরিশালকে অনুরোধ করা হয়। |

(চলমান পাতা-০৫)

| | | |
|---|---|---|
| (১৬) উপজেলা পল্লী উন্নয়ন (বিআরডিবি) অফিস | ১৬.১ উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। | ১৬.১.১ স্বাস্থ্যবিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদানের জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, মেহেন্দিগঞ্জ, বরিশালকে অনুরোধ করা হয়। |
| (১৭) উপজেলা বন বিভাগ | ১৭.১ ফরেস্টার, সামাজিক বন বাগান কেন্দ্র সভায় জানান যে, মেহেন্দিগঞ্জ উপজেলায় জনসাধারনের মধ্যে স্বল্পমূল্যে ৯/-টাকা হারে বিক্রয় বিতরনের জন্য চলতি ২০২১-২২ অর্থবছরে ৫,০০০ (পাঁচ হাজার)টি চারা উত্তোলনের জন্য বরাদ্দ পাওয়া গেছে। | ১৭.১.১ এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উক্ত ৫,০০০টি চারা উত্তোলন পূর্বক জনসাধারনের মধ্যে সরকার নির্ধারিত মূল্যে বিক্রি করত:বিক্রয়লব্ধ অর্থ সরকারী কোষাগারে জমা প্রদানের কাজ বন বিভাগ সম্পন্ন করবে বলে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। |
| | ১৭.২ ফরেস্টার, সামাজিক বন বাগান কেন্দ্র সভায় আরও জানান যে, গত ২০২০-২১ অর্থবছরে টেকসই বন ও জীবিকা) শীর্ষক প্রকল্পের আওতায় অত্র উপজেলায় ৫.০ (সিডলিং) কিঃমিঃ সংযোগ সড়কের পাশে বনায়নের জন্য বরাদ্দ পাওয়া গিয়াছিল এবং উক্ত ৫.০ (সিডলিং) কিঃমিঃ সংযোগ সড়কের পাশে ১৩নং গোবিন্দপুর ইউনিয়নে ৩০শে জুন ২০২১ তারিখের মধ্যে সম্পন্ন করা হয়েছে। উপজেলা পরিবেশ ও বন উন্নয়ন কমিটির সিদ্ধান্ত অনুযায়ী গোবিন্দপুর হতে বাগাইরচর পর্যন্ত ২.০ (সিডলিং) কিঃমিঃ এবং কাসেমের দোকান হতে গোবিন্দপুর আশ্রায়ন প্রকল্পের পূর্ব পার্শ্ব পর্যন্ত ৩.০(সিডলিং)কিঃমিঃ বাগান সৃজনের জন্য নির্ধারিত হয়েছিল। কিন্তু সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এর পরামর্শ ও অনুরোধক্রমে গোবিন্দপুর হতে বাগাইরচর পর্যন্ত ১.৩(সিডলিং) কিঃমিঃ এবং পংকজনাথ বাজার হতে পূর্বদিকে ব্রীজের পূর্বপার্শ্ব পর্যন্ত ৩.৭(সিডলিং)কিঃমিঃ বাগান সৃজন করা হয় । প্রকল্পের নীতিমালা অনুযায়ী সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের সহযোগিতায় উক্ত বাগান দুটিতে যথাক্রমে ০৯(নয়) জন ও ২১(একুশ) জন উপকারভোগী সদস্য নির্বাচন করা হয়। | ১৭.২.১ এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে চেয়ারম্যান ১৩নং গোবিন্দপুর ইউনিয়ন পরিষদ এর পরামর্শ এবং অনুরোধক্রমে স্থান পরিবর্তন এবং উপকারভোগীদের নামের তালিকা বিস্তারিত আলোচনান্তে নির্বাচনের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| (১৮) আমার বাড়ী আমার খামার প্রকল্প | ১৮.১ উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ী আমার খামার প্রকল্প সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। | ১৮.১.১ স্বাস্থ্যবিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদানের জন্য উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ী আমার খামার প্রকল্প মেহেন্দিগঞ্জ,বরিশালকে অনুরোধ করা হয়। |
| (১৯) উপজেলা পরিবার পরিকল্পনা অফিস | ১৯.১ উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। | ১৯.১.১ স্বাস্থ্যবিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদানের জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মেহেন্দিগঞ্জ, বরিশালকে অনুরোধ করা হয়। |
| (২০) ইউজিডিপি প্রকল্প মেহেন্দিগঞ্জ, বরিশাল । | ২০.১ সভায় ইউজিডিপি প্রকল্প বিষয়ে আলোচনা হয়। সভায় আলোচনা হয় যে, ৫ম উপজেলা মূল্যায়নে ভাল ফলাফল নিয়ে কোয়ালিফাইং করেছে। এজন্য সংশ্লিষ্ট সকলকে সভায় ধন্যবাদ জ্ঞাপন করা হয় এবং ধারাবাহিকতা রাখার অনুরোধ করা হয়।<br>ক) সভায় ইউনিয়ন পরিষদের ২০২২-২৩ অর্থবছরের উন্মুক্ত বাজেট, বার্ষিক পরিকল্পনা ও ২০২১-২২ অর্থবছরের ইউডিসিসি সভা নিয়মিতকরন ও রেজুলেশনের অনুলিপি উপজেলা অফিসে নিয়মিত জমা দেয়া নিয়ে আলোচনা হয় ।<br>খ) সভায় অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ বিষয়ক উপজেলা কমিটি (ইউসিএফবিপিএল)পুনর্গঠন/সক্রিয়করন নিয়ে আলোচনা হয় ।<br>১.ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,মেহেন্দিগঞ্জ, বরিশাল - সভাপতি<br>২.মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,মেহেন্দিগঞ্জ, বরিশাল- সদস্য<br>৩.চেয়ারম্যান, শ্রীপুর ইউনিয়ন পরিষদ,মেহেন্দিগঞ্জ, বরিশাল -সদস্য<br>৪.চেয়ারম্যান, চানপুর ইউনিয়ন পরিষদ,মেহেন্দিগঞ্জ, বরিশাল -সদস্য<br>৫.চেয়ারম্যান, জয়নগর ইউনিয়ন পরিষদ,মেহেন্দিগঞ্জ, বরিশাল-সদস্য | ক) সভায় ইউনিয়ন পরিষদের ২০২২-২৩অর্থবছরের উন্মুক্ত বাজেট,বার্ষিক পরিকল্পনা ও গত ২০২১-২২ অর্থবছরের ইউডিসিসি সভার রেজুলেশনের অনুলিপি উপজেলা অফিসে ০১এপ্রিল,২০২২খ্রি: তারিখের মধ্যে জমা দেয়ার জন্য সিদ্ধান্ত হয় ।<br>খ সভায় অর্থ,বাজেট,পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ বিষয়ক উপজেলা কমিটি (ইউসিএফবিপিএল) কে সক্রিয় হওয়ার জন্য অনুরোধ করা হয় । |

| | | |
|---|---|---|
| (২২) বিবিধ-২ | ০১/ জনাব এ.কে.এম মাহফুজ-উল-আলম চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মেহেন্দিগঞ্জ,বরিশাল এর ফেব্রুয়ারী-২০২২ মাসের সম্মানী ভাতা বাবদ=৪০,০০০/-টাকা<br>০২। জনাব এ.কে.এম মাহফুজ-উল-আলম চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মেহেন্দিগঞ্জ, বরিশাল এর ফেব্রুয়ারী-২০২২ মাসের বাসা ভাড়া বাবদ=৫,০০০/- টাকা।<br>০৪/ জনাব মোঃ খোরশেদ আলম (ভুলু), ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মেহেন্দিগঞ্জ,বরিশাল এর ফেব্রুয়ারী-২০২২মাসের সম্মানী ভাতা বাবদ=২৭,০০০/- টাকা।<br>০৬। জনাবা রওমান বিনতে শফিকুল ইসলাম, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মেহেন্দিগঞ্জ, বরিশাল এর ফেব্রুয়ারী-২০২২ মাসের সম্মানী ভাতা বাবদ ২৭,০০০/-টাকা ।<br>০৪/ উপজেলা পরিষদের বিভিন্ন সভার আপ্যায়ন ব্যয় বাবদ ৩০,০০০/-টাকা।<br>০৫/ উপজেলা পরিষদের স্থায়ী কমিটি সভার আপ্যায়ন ব্যয় বাবদ ৮,০০০/-টাকা।<br>০৬/ উপজেলা পরিষদের আনুষাঙ্গিক বিল ৫,০০০/-টাকা।<br>০৭/ উপজেলা পরিষদ এর মালি, জনাব মো: মোজাম্মেল হোসেন এর ফেব্রুয়ারী-২০২২, মাসের মজুরী বাবদ ১৬,৫০০/- টাকা।<br>০৮/ উপজেলা পরিষদের জন্য ০২ (দুই)টি টেবিল ক্রয় বাবদ ব্যয় ২৪,৮০০/-<br>০৯/ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের জন্য একটি আলমারী ক্রয় বাবদ ব্যয় ২৫,০০০/-<br>১০/ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের নেম ফলকে নাম লেখা বাবদ খরচ, ২৪,৬০০/-<br>১১/ উপজেলা পরিষদ চত্বর পরিষ্কার পরিচ্ছন্নতা করণ বাবদ ব্যয়-২৪৮০০/-<br>১২/ ডরমেটরী ভবনের রান্নাঘর, রিফ্রেশরুম ও দুইটি কক্ষে মোট ০৬টি সিলিং ফ্যান ক্রয় বাবদ ব্যয় ২৪,৬০০/- | ২২.১.১ দাখিলকৃত বিলসমূহ সভায় অনুমোদিত ও উত্তোলনের জন্য সর্ব সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। |

অত:পর সভার সভাপতি ও উপজেলা পরিষদ চেয়ারম্যান সকল সদস্যদেরকে আন্তরিকতার সহিত দায়িত্ব পালনের মাধ্যমে পরিষদের কার্যক্রম আরও গতিশীল করার আশাবাদ ব্যক্ত করে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

( এ.কে.এম মাহফুজ-উল-আলম )
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
মেহেন্দিগঞ্জ, বরিশাল
ও
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সভা

স্মারক নম্বর: ০৫.১০.০৬৬২.০০৮.০১.০০৬.১৯.১৪৬(১০০)

তারিখ : ১৭/০২/২০২২খ্রি.

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয় )

০১। মাননীয় সংসদ সদস্য,নির্বাচনী এলাকা ১২২, বরিশাল-০৪ (হিজলা-মেহেন্দিগঞ্জ)
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা
০৩। পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, বরিশাল বিভাগ, বরিশাল
০৪। জেলা প্রশাসক, বরিশাল
০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মেহেন্দিগঞ্জ, বরিশাল
০৬। মেয়র, মেহেন্দিগঞ্জ পৌরসভা, মেহেন্দিগঞ্জ, বরিশাল
০৭। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মেহেন্দিগঞ্জ, বরিশাল
০৮। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মেহেন্দিগঞ্জ,বরিশাল
০৯। প্রশাসক, উপজেলা কমান্ড কাউন্সিল, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, মেহেন্দিগঞ্জ, বরিশাল।
১০। উপজেলা----------------------------------------------------------অফিসার (সকল), মেহেন্দিগঞ্জ, বরিশাল
১১। চেয়ারম্যান/প্রশাসক--------------------------------------------------ইউনিয়ন পরিষদ (সকল), মেহেন্দিগঞ্জ, বরিশাল
১২। জনাব----------------------------------------------------------
-----------------------------------------------------------------।
১৩। অফিস নথি।

১৭/০২/২২

উপজেলা নির্বাহী অফিসার
মেহেন্দিগঞ্জ, বরিশাল।